

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ কমিটির সভা।

সভার তারিখ : ০৩ অক্টোবর, ২০২২
সময় : বিকাল ২:০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ
সভাপতি : যুগ্মসচিব (উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
উপস্থিতি : পরিশিষ্ট “ক”


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সভাপতি GRS সফটওয়্যারের বিষয়ে গুরুত্ব এবং নির্ধারিত সময়সীমার মধ্যে অভিযোগ নিষ্পত্তির বিষয়টিও সকলকে অবহিত করেন। সভায় দপ্তর/সংস্থার GRS অভিযোগ সমূহের প্রাপ্ত ত্রৈমাসিক প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় পরামর্শ দেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন।

২। এছাড়াও সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর বিভিন্ন বিষয়ে প্রশ্ন করা হলে সভাপতি তা সকলকে বিস্তারিত ব্যাখ্যাসহ বুঝিয়ে বলেন এবং প্রতিটি অভিযোগ গুরুত্বসহকারে নিষ্পত্তির বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

নং	সিদ্ধান্ত
১	অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করতে হবে।
২	মন্ত্রণালয়ের পেন্ডিং GRS অভিযোগ গুলো দ্রুততম সময়ে মধ্যে নিষ্পত্তি করতে হবে।
৩	দপ্তর/সংস্থার GRS অভিযোগ সমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য দপ্তর/সংস্থাকে তাগিদ দিতে হবে।
৪	প্রাপ্ত অভিযোগের বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে তা মন্ত্রণালয় ও অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনাক্রমে দ্রুত নিষ্পত্তি করতে হবে।

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জাকিয়া আফরোজ)
যুগ্মসচিব (পরিকল্পনা)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নং-২২.০০.০০০০.০৫৩.২৭.০০১.১৮.৭৩৬

তারিখ: ০৩/১০/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সুশাসন অধিশাখা।]

২. উপসচিব, পরিবেশ-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩. উপসচিব, আইন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪. উপসচিব, বন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭. সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

Khali
06/10/2022

(মো: খবির উদ্দিন খান)

সিস্টেম এনালিস্ট

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়